অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/13/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নর্থ কান্ট্রির "স্মার্ট পাথ" পরিচ্ছন্ন শক্তি ট্রান্সমিশনের দুই তৃতীয়াংশ সম্পূর্ণ হওয়ার মাইলফলক ঘোষণা করলেন

মাইলফলকটি নিউ ইয়র্কের মোট প্রায় 1,000 মাইল পরিচ্ছন্ন শক্তি ট্রান্সমিশন প্রকল্প নিয়ে সার্বিক ট্রান্সমিশন গঠনের সাফল্যকে চিহ্নিত করে

ক্ষুদ্রতর পদচিহ্নসহ আরো শক্তিশালী ট্রান্সমিশন লাইন স্টেটের বিদ্যুৎ ব্যবস্থায় সংযোজিত স্থিতিস্থাপকতা এবং নির্ভরযোগ্যতা আনে

সংশ্লিষ্ট কর্মসংস্থান এবং সমর্থিত নতুন নবায়নযোগ্য শক্তি প্রকল্প নিউ ইয়র্কের অর্থনীতিকে বলিষ্ঠ করতে সাহায্য করবে

NYPA-র মোসেস-অ্যাডিরন্ড্যাক স্মার্ট পাথ নির্ভরযোগ্যতা প্রকল্পের ছবি এবং মন্টাজ এবং ভিডিও দেখুন এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের (New York Power Authority, NYPA) নর্থ কান্ট্রির স্মার্ট পাথ (Smart Path) ট্রান্সমিশন প্রকল্পের দুই তৃতীয়াংশ কাজ শেষ হয়েছে। সেইন্ট লরেন্স কাউন্টির ম্যাসেনা থেকে লুইস কাউন্টির ক্রোগ্যান পর্যন্ত বিস্তৃত 78 মাইল আপগ্রেডকৃত ট্রান্সমিশন লাইন, স্মার্ট পাথ, নিউ ইয়র্ক স্টেটের শীর্ষ ট্রান্সমিশন প্রকল্পগুলির একটি যা নিশা করা হয়েছে আবহাওয়া ঘটনার বিরুদ্ধে ট্রান্সমিশন লাইনকে জোরদার করার জন্য এবং উত্তর নিউ ইয়র্ক থেকে স্টেটের বিদ্যুৎ শক্তির গ্রিডে নির্ভরযোগ্য পরিচ্ছন্ন শক্তি ট্রান্সমিশন করার জন্য। প্রকল্পটি নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি লক্ষ্য অগ্রসর করতে সাহায্য করবে, যেমনটি নিউ ইয়র্কের দেশের শীর্ষস্থানীয় জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায়ের সুরক্ষার অ্যাক্টে (Climate Leadership and Community Protection Act) রূপরেখা প্রদান করা আছে। স্মার্ট পাথ আপগ্রেডের নির্মাণকাজ শুরু হয় 2020 সালের শুরুর দিকে এবং আগামী বছর এটি কাজ শেষ হওয়ার জন্য যথাসময়ে সব হচ্ছে।

"আমাদের শক্তি ব্যবস্থার মেরুদণ্ডকে আরো জোরদার করার মাধ্যমে,নিউ ইয়র্ক আমাদের সন্তান ও তাদের সন্তানদের জন্য একটি পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যৎ নিশ্চিত করতে সাহায্য করছে," **গভর্নর হোকল বলেন।**"স্মার্ট পাথ আমাদের স্টেটব্যাপী ট্রান্সমিশন ব্যবস্থার একটি সার্বিক গঠনের একটি শীর্ষস্থানীয় প্রকল্প যা পুরো স্টেটের নিউ ইয়র্কবাসীদের জন্য পরিচ্ছন্ন শক্তি প্রদান

করবে, আমাদের জলবায়ু লক্ষ্যকে অগ্রসর করবে, এবং সবুজ কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে আমাদের অর্থনীতিকে সুপারচার্জ করবে।"

"NYPA-র নর্থ কান্তির স্মার্ট পাথ ট্রান্সমিশন প্রকল্প স্টেটের বিদ্যুৎ গ্রিডে আরো পরিচ্ছন্ন শক্তি যোগ করবে, আমাদের দেশের শীর্ষস্থানীয় পরিচ্ছন্ন শক্তি লক্ষ্যকে আরো অগ্রসর করবে," **লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো বলেন।** "পরিচ্ছন্ন শক্তি নিউ ইয়র্কের ভবিষ্যতের বিদ্যুতায়নের জন্য একটি বুদ্ধিমান পন্থা এবং এধরনের প্রকল্পগুলি আমাদেরকে আমাদের সন্তানদের জন্য আরো পরিচ্ছন্ন আগামীকাল তৈরি করতে সাহায্য করবে।"

স্মার্ট পাথ প্রকল্পের পাশাপাশি, গভর্নর হোকলের নেতৃত্বাধীন নিউ ইয়র্ক স্টেটজুড়ে আরো একাধিক বড় ট্রান্সমিশন প্রকল্পের পুনর্গঠন চলছে যার মধ্যে রয়েছে NYPA এবং LS পাওয়ার নিউ ইয়র্কের (LS Power New York) সেন্ট্রাল ইস্ট এনার্জি কানেক্ট (Central East Energy Connect) প্রকল্প যেখানে ইউটিকা/অ্যালবানি করিডোরের ঐতিহাসিকভাবে অতিরিক্ত চাপপূর্ণ ট্রান্সমিশন লাইনের প্রায় 100 মাইলের বেশি পুনর্গঠিত বা সম্প্রসারিত করা হবে; নিউ ইয়র্ক ট্রান্সকোর (New York Transco) নিউ ইয়র্ক এনার্জি সলিউশনস (New York Energy Solution), যেখানে হাডসন ভ্যালির আনুমানিক 54 মাইল ট্রান্সমিশন লাইন পুনর্গঠিত হবে এবং নেক্সটএরা এনার্জি ট্রান্সমিশন নিউ ইয়র্কের (NextEra Energy Transmission New York) এম্পায়ার স্টেট লাইন (Empire State Line) প্রকল্প, সম্প্রতি ওয়েস্টার্ন নিউ ইয়র্কে যেটির আনুমানিক 20 মাইল ট্রান্সমিশন লাইনের কাজ শেষ হয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের আরো বেশ কিছু ট্রান্সমিশন লাইন পুনর্গঠন প্রকল্পসমূহ, এবং সেই সাথে নতুন ট্রান্সমিশন প্রকল্পসমূহ নির্মাণ পর্যায়ে বা অনুমতি প্রক্রিয়ার বিভিন্ন পর্যায়ে আছে। এর মধ্যে রয়েছে গত বছর গভর্নর হোকল নির্বাচিত দুইটি নতুন মুখ্য ট্রান্সমিশন লাইন প্রকল্প যা নিউ ইয়র্ক সিটিতে পরিচ্ছন্ন শক্তি পরিবহনে সাহায্য করবে: NYPA এবং ফরোয়ার্ড পাওয়ারের (Forward Power) (ইনভেনার্জি (Invenergy) এবং এনার্জিরির (EnergyRe) মধ্যকার একটি যৌথ উদ্যোগ) সমন্বয়ে গঠিত একটি প্রকল্প ক্লিন পাথ নিউ ইয়র্ক (Clean Path New York) এবং ট্রান্সমিশন ডেভেলপার্স ইনকর্পোরেশন (Transmission Developers Inc) নির্মিত চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস ট্রান্সমিশন (Champlain Hudson Power Express Transmission Project) প্রকল্প।

NYPA এবং জাতীয় গ্রিড (National Grid) নর্থ কান্ট্রি ট্রান্সমিশন প্রকল্পে একত্রে কাজ করছে যা স্মার্ট পাথ কানেক্ট (Smart Path Connect) নাম পরিচিত, এটি পূর্ব থেকে পশ্চিমে ক্লিনটন থেকে ম্যাসেনা পর্যন্ত এবং উত্তর থেকে দক্ষিণে ক্রোগ্যান থেকে মার্সি পর্যন্ত চলবে। কাজ শেষ হলে, স্মার্ট পাথ কানেক্টের এই দুই অংশ স্মার্ট পাথ প্রকল্পে যুক্ত হবে, যার ফলে ক্লিনটন থেকে মার্সি পর্যন্ত একটি নিরবচ্ছিন্ন আপগ্রেডকৃত ট্রান্সমিশন লাইন তৈরি হবে। স্মার্ট পাথ কানেক্ট প্রকল্পটি বর্তমানে নিউ ইয়র্ক পাবলিক সার্ভিস কমিশনের (New York Public Service Commission, PSC) পরিবেশ সংক্রান্ত পর্যালোচনার অধীনে রয়েছে। একত্রে এই ট্রান্সমিশন প্রকল্পগুলি মোট প্রায় 1,000 মাইল নতুন ও আপগ্রেড কৃত নিউ ইয়র্ক স্টেট ট্রান্সমিশন লাইন তৈরি করবে যা 2030 সালের মধ্যে স্টেটের 70 শতাংশ বিদ্যুৎ নবায়নযোগ্য উৎস থেকে পাওয়া এবং 2040

সালের মধ্যে নিঃসরণমুক্ত শক্তি গ্রিড তৈরির নিউ ইয়র্কের লক্ষ্য অর্জনের অগ্রগতিতে সাহায্য করবে।

NYPA-র ট্রাস্টি ইউজিন এল. নিকান্ড্রি বলেন, "স্মার্ট পাথ প্রকল্পটি হলো নর্থ কান্ট্রিতে হতে থাকা গুরুত্বপূর্ণ কাজের একটি প্রধান উদাহরণ যা সকল নিউ ইয়র্কবাসীর সুবিধার জন্য আমাদের ট্রান্সমিশন ব্যবস্থাকে জোরদার করবে। মহামারীর কঠিন সময়েও এই প্রকল্পকে যথাসময়ে রেখেছে যেই কর্মীরা আমি তাদের সকলের প্রশংসা করছি, এবং আমি এই লাইনের নির্মাণে NYPA-র নেতৃত্বের এবং স্টেটের ট্রান্সমিশন সিস্টেমের এক তৃতীয়াংশের অব্যাহত তত্ত্বাবধান নিয়ে অত্যন্ত গর্বিত।"

NYPA-র অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জাস্টিন ই. ড্রিস্কল বলেন, "নিউ ইয়র্কের শক্তি গ্রিড জোরদার করতে বিদ্যুৎ কর্তৃপক্ষ যেই কাজ শুরু করেছে আমি তা নিয়ে গর্বিত, যার মধ্যে স্মার্ট পাথ প্রকল্পে আমাদের পথপ্রদর্শনকারী কাজ অন্তর্ভুক্ত। মহামারী এবং সরবরাহ চেইনের সমস্যা সত্ত্বেও, NYPA-র স্মার্ট পাথ লাইনের কাজ সময়মত হচ্ছে এবং এখন এর দুই তৃতীয়াংশ শেষ হয়ে গেছে। অতি গুরুত্বপূর্ণ এই উত্তর-দক্ষিণ ট্রান্সমিশন লাইনটি আমাদের ট্রান্সমিশন সিস্টেমকে আরো নির্ভরযোগ্য ও কার্যকর করছে এবং আমি আগামী বছর প্রকল্পটির কাজ শেষ হতে দেখার জন্য উন্মুখ।"

স্মার্ট পাথ বৈশিষ্ট্য

স্মার্ট পাথ প্রকল্পের প্রথম ধাপে রয়েছে 1942 সালে ফেডারেল সরকারের নির্মিত মূল 86 মাইল ট্রান্সমিশন লাইনের প্রায় 78 মাইল পুনর্নির্মাণ করা। স্মার্ট পাথ প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের কাজ শেষ হবে স্মার্ট পাথ কানেক্টের একটি অংশ হিসেবে, যা অতিরিক্ত ছয় মাইল 230kV ট্রান্সমিশন লাইনকে 345kV ভোল্টেজে উন্নত করবে। স্মার্ট পাথ লাইন 1950 সালে পাওয়ার অথরিটির অধিগৃহীত প্রথম সম্পদ ছিল। নর্থ কান্ট্রির সেইন্ট লরেন্স এবং লুইস কাউন্টির মধ্য দিয়ে উত্তর থেকে দক্ষিণে চলমান নতুনভাবে পুনর্গঠিত লাইনগুলি স্টেটব্যাপী বিদ্যুৎ ব্যবস্থায় লাভজনক, পরিচ্ছন্ন এবং নবায়নযোগ্য শক্তি যোগ করবে, যার মধ্যে রয়েছে NYPA-র সেইন্ট লরেন্স-ফ্র্যাঙ্কলিন ডি. রুজভেল্ট বিদ্যুৎ প্রকল্প (St. Lawrence-Franklin D. Roosevelt Power Project) থেকে নিম্ন খরচের জলবিদ্যুৎ এবং একই সাথে নতুনভাবে নির্মিত বায়ু ও সূর্যের মতো নবায়নযোগ্য শক্তি উৎস থেকে পাওয়া বিদ্যুৎ।

স্মার্ট পাথ প্রকল্পের নির্মাণ কাজে রয়েছে পূর্বের H-ফ্রেম কাঠের খুঁটিকে, যেগুলির কিছু কিছু 80 বছরের বেশি পুরনো, বিদ্যমান সঠিক উপায়ের একক স্টিলের মনোপোল দ্বারা প্রতিস্থাপন। প্রকল্পটি নির্মাণকাজ চলাকালীন শত শত কর্মসংস্থান সৃষ্টি করেছে।

পুনর্গঠিত লাইনগুলি 345 কিলোভোল্ট(kV) পর্যন্ত ট্রান্সমিট করতে পারবে। স্মার্ট পাথ কানেক্ট প্রকল্পটি সম্পূর্ণ হওয়ার আগ পর্যন্ত তারা পরিচালিত হবে প্রায় সম্পূর্ণ ক্ষমতায় 230 kV পর্যায়ে। চাহিদা অনুযায়ী ভোল্টেজ বৃদ্ধি করার ক্ষমতা আরো নবায়নযোগ্য শক্তি যোগ করার একটি খরচ-সাশ্রয়ী উপায়, বিশেষ করে ট্রান্সমিশন লাইনের যেকোনও অংশে স্টেটের অভ্যন্তরীণ

নবায়নযোগ্য উৎপাদনের ক্ষেত্রে, যেহেতু নিউ ইয়র্ক তার পরিচ্ছন্ন শক্তি লক্ষ্য অর্জনে অগ্রসর হয়ে চলেছে।

নিউ ইয়র্ক স্টেট সিনেট এনার্জির (Senate Energy) প্রধান কেভিন পার্কার বলেন, "স্মার্ট পাথ ট্রান্সমিশন প্রকল্পটি নিউ ইয়র্কের আরো একাধিক NYPA প্রধান প্রধান ট্রান্সমিশন প্রচেষ্টার সম্পূরক।পুরনো অবকাঠামো প্রতিস্থাপন এবং নর্থ কান্ট্রির এই অংশের ট্রান্সমিশন সিস্টেম জোরদার করা হলে তা আমাদেরকে স্টেটের জরুরি জলবায়ু লক্ষ্য অর্জন করার আরেক ধাপ কাছে নিয়ে যাবে।"

নিউ ইয়র্ক স্টেটের অ্যাসেম্বলি এনার্জির (Assembly Energy) প্রধান মাইকেল জে. কিউসিক বলেন, "যখন আমরা স্টেটব্যাপী নবায়নযোগ্য শক্তি উৎপাদনে এবং নবায়নযোগ্য শক্তি উৎপাদক প্রকল্প গঠনে আমাদের এত বেশি মনোযোগ প্রদান করছি, তখন আমাদের স্টেটের শক্তি লক্ষ্য অর্জনে ট্রান্সমিশন যেই অতি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে তা মনে রাখা জরুরি। পর্যাপ্ত ট্রান্সমিশন ছাড়া, নবায়নযোগ্য বিদ্যুৎ উৎপাদন এর পূর্ণ সম্ভাবনাকে কাজে লাগাতে পারবে না। আজকের ঘোষণা বড় মাপের ট্রান্সমিশন প্রকল্পসমূহে আমাদের চলমান অগ্রগতি প্রদর্শন করে, যা নিশ্চিত করবে যে পুরো স্টেটে পরিচ্ছন্ন ও নবায়নযোগ্য শক্তি প্রদানে আমাদের লক্ষ্য অর্জন করার জন্য যাতে আমাদের কাছে পর্যাপ্ত ট্রান্সমিশন থাকে।"

নিউ ইয়র্ক স্টেটের রাষ্ট্রের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা (New York State's Nation-Leading Climate Plan)

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এটি রাজ্য জুড়ে 120টি বড় আকারের পুনর্নবীকরণযোগ্য এবং ট্রান্সমিশনের প্রকল্পগুলিতে 35 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে তোলে, যার মধ্যে আছে ভবনগুলির নির্গমন কমাতে 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তি বাড়াতে 1.8 বিলিয়ন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি এবং NY গ্রীন ব্যাঙ্কের (NY Green Bank) প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারেরও বেশি সহ পরিচ্ছন্ন শক্তি বাড়াতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ

বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

NYPA সম্পর্কে

NYPA হল স্টেটের সব থেকে বড় পাবলিক পাওয়ার অর্গানাইজেশন, যা 16 টি জেনারেটিং ফেসিলিটি এবং ট্রান্সমিশন লাইনের 1,400 এর বেশি সার্কিট- মাইল পরিচালনা করে। NYPA দ্বারা 80 শতাংশের বেশি বিদ্যুৎ পরিষ্কার রিনিউএবল হাইড্রোপাওয়ার উৎপন্ন করে। NYPA নিউ ইয়র্কের উচ্চ-ভোল্টেজ বিদ্যুৎ লাইনের প্রায় এক-তৃতীয়াংশের মালিক এবং তা পরিচালনা করে থাকে। এসব লাইন প্রায় 7,000 মেগাওয়াট নবায়নযোগ্য জ্বালানি যুক্ত করার মাধ্যমে NYPA এর তিনটি বৃহৎ জলবিদ্যুৎ উৎপাদন কেন্দ্র এবং স্বতন্ত্র বায়ু বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র থেকে নিউ ইয়র্ক স্টেটের বিদ্যুৎ গ্রিডে বিদ্যুৎ সঞ্চালন করে থাকে। এর মধ্যে গ্রিডে সরবরাহকৃত 6,300 মেগাওয়াটেরও বেশি জলবিদ্যুৎ এবং প্রায় 700 মেগাওয়াট বা এক-তৃতীয়াংশের বেশি নিউ ইয়র্ক স্টেটে উৎপাদিত বায়ু জ্বালানি রয়েছে। NYPA কোনো ধরনের আয়কর অর্থ বা স্টেট ক্রেডিট ব্যবহার করে না। তারা তাদের বন্ড বিক্রয় এবং বিদ্যুৎ বিক্রি করে অর্জিত অর্থ দিয়ে তাদের অধিকাংশ কার্যকলাপের অর্থায়ন করে। আরো তথ্যের জন্য দেখুন www.nypa.gov এবং টুইটারে, ফেসবুকে, ইন্সটাগ্রামে, টাম্বলারে ও লিঙ্কডইনে এ আমাদের ফলো করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418